

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং ১০.০০.০০০০.১২৭.২৯.০০১.১৯- ৯৮৩

তারিখঃ ০৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : জেলা পর্যায়ে সরকারি আইন সহায়তা কার্যক্রম গতিশীল করতে জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজগণের অংশগ্রহণে একটি সম্মেলন আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ (১) ১ জে-০৩/২০১৯- ১১১২৮ জে, তারিখ- ২২/১২/২০১৯ খ্রিঃ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।  
(২) ১০.০৭.০০০০.০০১.২৪.০১৪(৪).২০১২-৪১২, তারিখ- ২৮/১১/২০১৯ খ্রিঃ, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকারি আইন সহায়তা কার্যক্রম আরো গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা ইউএনডিপি'র Engaging with Institutions (EI) প্রকল্পের কারিগরী ও আর্থিক সহায়তায় ৬৪ টি জেলার জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজগণের অংশগ্রহণে আগামী ২৪/১২/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকেল ৫.০০ ঘটিকা পর্যন্ত ক্রিস্টাল বলরুম, হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ১, মিন্টুরোড, ঢাকায় একটি সম্মেলনের আয়োজন করবে।

২। উক্ত সম্মেলনে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার মাননীয় চেয়ারম্যান এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক এমপি মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

৩। বর্ণিত সম্মেলনে ৬৪ টি জেলার জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজগণকে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

৪। সম্মেলনে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের যাবতীয় ব্যয়ভার আয়োজক সংস্থা বহন করবে।

৫। সম্মেলনে অংশগ্রহণের নিমিত্ত প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ বিধি মোতাবেক সরকারি গাড়ি ব্যবহারে প্রাধিকার পাবেন।

  
(সৈয়দা কানিজ কামরুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫৭৬৬৩১।


পরিচালক

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০২। জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ (সকল)।
- ০৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....
- ০৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(সৈয়দা কানিজ কামরুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন- ৯৫৭৬৬৩১।